

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং- ২৪.০২.০০০০.০০৭.০৩.০০২.১৮.৩২

তারিখঃ ০৫ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ  
১৯ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন প্রসঙ্গে।**


সরকারের বিধেয়িত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-২০১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে।

২। রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ২০৩০, ৭ম পঞ্চবার্ষিক কর্ম-পরিকল্পনা এবং সরকারের সার্বিক উন্নয়ন-অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরে স্ব-স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করবে। কর্মসম্পাদন চুক্তিতে মন্ত্রণালয়/বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে করণীয় বিষয়সমূহ (Activities) এবং কর্মসম্পাদন সূচক (Performance Indicators) ও লক্ষ্যমাত্রাসমূহ (Targets) বিধৃত হয়।

৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের জন্য ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পাশাপাশি বিভাগীয়/ আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়/বিভাগের সচিবের সঙ্গে এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। এরই ধারাবাহিকতায় ২০১৮-১৯ অর্থবছরে বস্ত্র অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টেক্সটাইল ইনস্টিটিউট এবং বিভাগীয় কার্যালয়সমূহের প্রধানগণ পরিচালক, বস্ত্র অধিদপ্তরের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন।

৪। ২০১৮-১৯ অর্থবছরের জন্য সংশ্লিষ্ট ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের সুবিধার্থে পৃথক ৩টি নীতিমালা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালাসমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির কাঠামো, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি (APA Calendar) অন্তর্ভুক্ত রয়েছে। বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টেক্সটাইল ইনস্টিটিউট এবং বিভাগীয় কার্যালয়সমূহের সাথে পরিচালক, বস্ত্র অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত নীতিমালা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট ([www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)) এর মত বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটেও ([www.dot.gov.bd](http://www.dot.gov.bd)) আপলোড করা হয়েছে।

৫। আপলোডকৃত নীতিমালা অনুসরণ করে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টেক্সটাইল ইনস্টিটিউট এবং বিভাগীয় কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হল।

  
(মোহাম্মদ মইনুল হোসেন)  
পরিচালক  
বস্ত্র অধিদপ্তর, ঢাকা  
ফোন-৯১৩৮৬৬১।

**বিতরণ :**

- ১। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা/চট্টগ্রাম/নোয়াখালী/ঝিনাইদহ।
- ২। অধ্যক্ষ, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।
- ৩। অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টাঙ্গাইল।
- ৪। অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর/টাঙ্গাইল/চট্টগ্রাম/রংপুর/নাটোর।
- ৫। উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৬। জনাব মো: সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, প্রধান কার্যালয়, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।  
(বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য)

অনুলিপি : সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ: আ: যুগ্মসচিব (বাজেট)